



কুমিল্লা বিশ্ববিদ্যালয়

কুমিল্লা-৩৫০৬

ফোন: ০২৩৩৪৪১১১৪৫, মোবাইল: ০১৭৯০-৯৭৭৪৯৭, ই-মেইল: registrar@cou.ac.bd, website: www.cou.ac.bd

স্মারক কু:বি./তথ্য ও জন./প্র.বি/২০০৯/৭৭৯

তারিখ: ২১/০৬/২০২৬ খ্রি.

প্রেস বিজ্ঞপ্তি

কুবির A ও C ইউনিটের বিভাগসহ ৭ম মেধা তালিকা প্রকাশ এবং B ইউনিটের মৌখিক পরীক্ষা আহ্বান

কুমিল্লা বিশ্ববিদ্যালয়ে (কুবি) ২০২৫-২০২৬ শিক্ষাবর্ষে স্নাতক (সম্মান) শ্রেণিতে ভর্তি পরীক্ষায় উত্তীর্ণ A ও C ইউনিটের বিভাগসহ ৭ম মেধা তালিকা প্রকাশ এবং B ইউনিটের মৌখিক পরীক্ষা আহ্বান করা হয়েছে। আজ (২১ জুন) রাত ৮টা থেকে কুবি ওয়েবসাইট (<https://cou.ac.bd/program-category/undergraduate-program>) এ A ও C ইউনিটে উত্তীর্ণ শিক্ষার্থীরা তাদের ফল দেখতে পারবে।

B ইউনিটে উত্তীর্ণ শিক্ষার্থীদেরকে আগামী ২৫ জুন ২০২৬ তারিখ বৃহস্পতিবার (সকাল ১০টা থেকে ২টা) মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য আহ্বান করা হয়েছে। বাণিজ্য বিভাগ হতে মেধাক্রম ১৪৮ থেকে ২৫০, বিজ্ঞান বিভাগ হতে মেধাক্রম ১৬৯ থেকে ২৫০ এবং মানবিক বিভাগ হতে মেধাক্রম ৫০৯ থেকে ১৩০০ পর্যন্ত শিক্ষার্থীরা মৌখিক পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে। মৌখিক পরীক্ষায় অংশগ্রহণকারীদের মধ্য থেকে আসন খালি থাকা সাপেক্ষে ২৫ জুন ২০২৬ তারিখ বিকালে মেধা তালিকা প্রকাশ করা হবে এবং উত্তীর্ণ শিক্ষার্থীরা আগামী ২৮ জুন ২০২৬ তারিখের মধ্যে ভর্তি হতে হবে।

A ইউনিটে মেধা তালিকা উত্তীর্ণ শিক্ষার্থীগণ আগামী ২২ জুন ২০২৬ তারিখ থেকে ২৩ জুন ২০২৬ তারিখে এবং C ইউনিটে মেধা তালিকা উত্তীর্ণ শিক্ষার্থীগণ আগামী ২৩ জুন ২০২৬ তারিখ থেকে ২৪ জুন ২০২৬ তারিখের মধ্যে ভর্তির জন্য সংশ্লিষ্ট অনুসূচ থেকে অফিস চলাকালীন সময়ে (১০টা থেকে ৩টা) স্ব-শরীরে উপস্থিত হয়ে ভর্তি ফরম সংগ্রহ করে বিভাগের মাধ্যমে ভর্তি সম্পন্ন করতে হবে। পরবর্তিতে আসন খালি থাকা সাপেক্ষে আগামী ২৪ জুন ২০২৬ তারিখে A ইউনিটের মাইগ্রেশন ও মেধা তালিকা প্রকাশ করা হবে এবং ২৫ জুন ২০২৬ তারিখে ভর্তি সম্পন্ন করা হবে।

ভর্তির জন্য পূরণকৃত ফরমের সাথে ভর্তি পরীক্ষার প্রবেশপত্রের মূলকপি প্রদর্শন সাপেক্ষে উহার এক কপি ফটোকপি, এসএসসি ও এইচএসসি পরীক্ষার মূল নম্বরপত্র/ট্রান্সক্রিপ্ট, সদ্য তোলা পাসপোর্ট আকারের চার কপি সত্যায়িত রঞ্জিন ছবি জমা দিতে হবে।

শিক্ষার্থীদেরকে ভর্তি ফি বাবদ ১৪ হাজার ৬০০ টাকা ব্যাংকে জমা দিতে হবে। এছাড়াও ডীন অফিসের উন্নয়ন ফি ও বিভাগের উন্নয়ন ফি প্রদান করতে হবে।

ভর্তি সংক্রান্ত যে কোন আপডেট তথ্য বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট ও বিশ্ববিদ্যালয়ের অফিসিয়াল ফেসবুক পেইজ <https://www.facebook.com/comillauniversityofficial> থেকে জানা যাবে।

(মোহাম্মদ এমদাদুল হক)
ডেপুটি রেজিস্ট্রার
কুমিল্লা বিশ্ববিদ্যালয়, কুমিল্লা

অনুলিপি:

১. পিএস টু ভিসি (উপাচার্য মহোদয়ের সদয় অবগতির জন্য), কুবি।
২. পিএস টু প্রো-ভিসি (উপ-উপাচার্য মহোদয়ের সদয় অবগতির জন্য), কুবি।
৩. পিএ টু ড্রেজারার (ড্রেজারার মহোদয়ের সদয় অবগতির জন্য), কুবি।
৪. সংশ্লিষ্ট নথি।